দৈনিক জনকণ্ঠ

৩৬

তারিখ ... 28 SEP 1996 ...
পৃষ্ঠা ১৩ কলাম ৭

'৯৬ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশ

# বিশ্বব্যাংক শিক্ষা খাতে বছরে ৯শ' মিলিয়ন ডলার বরাদ্দ করবে

স্টাফ রিপোর্টার ॥ বিশ্বব্যাংক আগামী ২০১০ সালের মধ্যে সর্বজনীন প্রাথমিক শিক্ষা, হাই স্কুলের ৬০ ভাগ শিশুদের শিক্ষা এবং মেয়েদের শিক্ষা নিশ্চিত করতে বছরে ৯শ' মিলিয়ন ডলার বরাদ্দ করবে। পাশাপাশি এনজিওগুলোর কাজের পরিধি বাড়ানোর লক্ষ্যে ৩৫টি আবাসিক মিশনে মাঠ পর্যায়ে কর্মী ও স্টাফ নিয়োগ করবে।

বৃহস্পতিবার প্রকাশিত বিশ্বব্যাংকের ১৯৯৬ সালের বার্ষিক প্রতিবেদনে এ তথ্য উল্লেখ করা হয়।

বিশ্বব্যাংক প্রতিবেদনে আরও উল্লেখ করেছে, যাদের মাথাপিছু আয় জাতীয় উৎপাদনের ৭৬৫ মিলিয়ন ডলার অথবা এর চেয়ে কম, তাদের জন্য সর্বমোট ৯ হাজার ৮৮৩ মিলিয়ন ডলার সাহায্য দেয়া হবে।

সর্বোপরি, ব্যাংকের বিনিয়োগের এক তৃতীয়াংশ সরাসরি দারিদ্র্য মোচনের জন্য ব্যয় করা হবে। উল্লেখ্য, চলতি বছর এই ধরনের ৬৩ ভাগ প্রকল্প হাতে নেয়া হবে যা গত বছর ছিল ৫৪ ভাগ।

ব্যাংকের কর্মসূচী প্রসঙ্গে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, জনসাধারণের বিনিয়োগের ওপর নির্ভর করছে উন্নয়নের সাফল্য। এ ক্ষেত্রে বিশ্বব্যাংক ১৯৯৬ সালে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা খাতে বিনিয়োগের ওপর গুরুত্ব দেবে। এছাড়াও পরিবেশগত ভারসাম্য টিকিয়ে রাখার ওপর গুরুত্ব দেয়া হয়েছে। এক্ষেত্রে ২০টি নতুন প্রকল্প হাতে নেয়া হবে। বিশ্বব্যাংক বেসরকারীখাতে উন্নয়নের জন্য আর্থিক সহায়তা প্রদান করবে। বিশ্বব্যাংক ১৯৯৬ সালের ব্যাংকের প্রশাসনিক বাজেট ৩ দশমিক ৬ ভাগ কমিয়ে দিয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়।